প্রথম আলো

তারিখ 18 JUN 2007
পৃষ্ঠা 4 কলাম 2

# কওমি মাদ্রাসা স্বীকৃত শিক্ষা হিসেবে ঘোষিত হয়েছে

## শেরপুরে মতিয়া চৌধুরী

নালিতাবাড়ী (শেরপুর) প্রতিনিধি ●

কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী বলেছেন, শিক্ষাব্যবস্থার সঙ্গে কওমি মাদ্রাসার এত দিন একটা পার্থক্য ছিল। প্রধানমন্ত্রী শেখ হাসিনা কওমি মাদ্রাসাকে একটি স্বীকৃত শিক্ষা হিসেবে ঘোষণা দিয়েছেন। সে অনুযায়ী কাজ হচ্ছে।

শেরপুরের নালিতাবাড়ী উপজেলার গোল্লারপাড় মদিনাতুল উলুম কওমি মাদ্রাসা ও এতিমখানা মাঠে ঈদুল ফিতর উপলক্ষে গতকাল শনিবার গরিব-দুস্থদের মাঝে কাপড় বিতরণের সময় এক সংক্ষিপ্ত বক্তব্যে মন্ত্রী এ কথা বলেন। তিনি প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিল ও কৃষিমন্ত্রীর নিজস্ব অর্থে উপজেলার ৪টি ইউনিয়নের ২৯টি শিক্ষাপ্রতিষ্ঠানের অষ্টম ও নবম শ্রেণির ২২৫ জন মেধাবী শিক্ষার্থীকে থ্রি-পিস এবং গরিব ও দুস্থদের মধ্যে ১ হাজার ২০০ শাড়ি, ৪০০ শার্ট ও ৪০০ ট্রাউজার বিতরণ করেন।

কৃষিমন্ত্রীর সঙ্গে এ সময় জেলা প্রশাসক মল্লিক আনোয়ার হোসেন, পুলিশ সুপার মো. রফিকুল ইসলাম, উপজেলা পরিষদের চেয়ারম্যান এ কে এম মুখলেছুর রহমান, উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) তরফদার সোহেল রহমান, উপজেলা আওয়ামী লীগের সভাপতি মো. জিয়াউল হোসেনসহ আওয়ামী লীগ ও এর সহযোগী সংগঠনের নেতা-কর্মী এবং সংশ্লিষ্ট ইউনিয়নের জনপ্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

মন্ত্রী পরে বিকেলে নকলা উপজেলার ৯টি ইউনিয়ন ও ১টি পৌরসভায় ৩ হাজার শাড়ি, ১ হাজার শার্ট, ১ হাজার ট্রাউজার ও ৫০টি শিক্ষাপ্রতিষ্ঠানে সাড়ে ৭০০ শিক্ষার্থীর মধ্যে একটি করে থ্রি-পিস বিতরণ করেন।